২০১০

স্নাতকোত্তর

# বাংলা

পাঠপর্যায়-২

একককক্রম—বি. এল.-১২০২

*পূর্ণমান* ঃ ৪০

*সময়* ঃ ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।*

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

১। (ক) (i) যে কোন ভাষার মুলধ্বনি (phoneme) নির্ণয়ের পদ্ধতি সম্পর্কে আলোচনা কর। ৫

(ii) আন্তর্জাতিক ধ্বনিমুলক বর্ণমালায় লিপ্যন্তর করো ঃ
ব্রহ্মান্ড, অব্যবহিত, স্বাতন্ত্র্য, ধ্বনি, চাঁদ। ৫

*অথবা*

(খ) (i) বাংলা ভাষায় স্পর্শ বা স্পৃষ্ট (plosive) ধ্বনি কোনগুলি ? উচ্চারণ-স্থান অনুযায়ী র্, ল্, ন্ কী ধরনের ধ্বনি? ৪+১

(ii) বাংলা ভাষার অক্ষরের গঠন-প্রকৃতি সম্পর্কে আলোচনা করো। অনসেট (onset) ও কোডা (coda) কাকে বলে ? ৪+১

২। (ক) (i) রূপমুল (Morpheme) ও উপরূপমুল (Allomorph) কাকে বলে ? রূপমূল ও শব্দের মধ্যে সম্পর্ক কী ? ২+২+১

(ii) বৈপরীত্যের অবস্থান ও পরিপূরক অবস্থান আলোচনা করো। ৫

*(Turn Over)*

*অথবা*

(খ) (i) বাংলা রূপতত্ত্বে লিঙ্গ ও বচনের প্রভাব বিষয়ে আলোচনা করো। ৫

(ii) বিভক্তি অনুসারে বাংলা একপদী ক্রিয়ার রূপবৈচিত্র্যগুলি দেখাও। ৫

৩। (ক) গঠন অনুসারে বাংলা বাক্যের প্রকার আলোচনা করো। ১০

*অথবা*

(খ) সঞ্চননী অন্বয় তত্ত্ব অনুসারে বাংলা পদগুচ্ছ সূত্রটি নির্মান করে উদাহরণ সহযোগে বাংলা বিশেষ্যপদগুচ্ছের প্রকারভেদগুলি দেখাও। ২+৮

৪। (ক) টীকা ঃ

পিজিন, ক্রেওল, লিঙ্গুয়াফ্রাঙ্কা, দ্বি-ভাষিকতা। ৩+৩+২+২

*অথবা*

(খ) ভাষা-সংরক্ষণ, ভাষা সরণ (language-shift) এবং ভাষা নিধন (language genocide) বিষয়গুলি সম্পর্কে সাধারণ ধারণা দাও। ৩+৪+৩

---